**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আগামীকাল রাজ্যের ৩৫টি ব্লকে ইলেকশন ডিউটি ভোট গ্রহণ করা হবে ।**

**(২) দক্ষিণ জেলার বন্যা পরিস্থিতি ক্রমশ উন্নতি হচ্ছে । আশ্রয় শিবির থেকে লোকজন বাড়ি ঘরে ফিরতে শুরু করেছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন ভারত বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তা এবং বৈশ্বিক পুষ্টি নিরাপত্তার সমাধানে প্রতিনিয়ত কাজ করছে।**

**(৪) রাজ্যের ঐতিহ্যবাহী কের পুজা আগামীকাল ভোর ৫টায় শেষ হবে ।**

**********************************************

**Panchayet Election :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আগামীকাল রাজ্যের ৩৫টি ব্লকে ইলেকশন ডিউটি ভোট গ্রহণ করা হবে। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আজ আকাশবাণীকে এ খবর জানান। তিনি জানান, ভোট কর্মী, নিরাপত্তা কর্মী ও ভোটের কাজে নিযুক্ত

অন্যান্য কর্মী মিলে প্রায় ১০ হাজার ভোটার আগামীকাল ভোটাধিকার প্রয়োগ করার কথা রয়েছে।

**************************

**Election-Gomati :**

পঞ্চায়েত নির্বাচন গোমতী জেলার ১ হাজার ৫০১ জন ভোট কর্মী আগামীকাল ইলেকশন ডিউটি ভোটাধিকার প্রয়োগ করবেন। জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক তড়িৎ কান্তি চাকমা আকাশবাণীর জেলা প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানান, গোমতী জেলায় আগামীকাল মাতাবাড়ি ব্লকের ভোট কর্মীরা ভোট দেবেন মাতাবাড়ি স্কুলে। কাঁকড়াবন ব্লকের ভোট কর্মীরা ভোট দেবেন কাঁকড়াবন পঞ্চায়েত সমিতি হলে। টেপানিয়া ব্লকের ভোট কর্মীরা ভোট দেবেন উদয়পুর কলেজে। অমরপুর ব্লকের ভোট কর্মীরা ভোট দেবেন অমরপুর ব্লক অফিসে। উল্লেখ্য, গোমতী জেলায় জিলা পরিষদের ১৩টি আসন, পঞ্চায়েত সমিতির ৪৮টি আসনের মধ্যে ৩২ আসনে ও গ্রাম পঞ্চায়েতের ৭৩৬টি আসনের মধ্যে ১০৯টি আসনে ভোট গ্রহণ করা হবে।

**************************

**Election-KAILASHAHAR :**

পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে আজ কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে সাধারণ প্রশাসন ও পুলিশ এবং বিভিন্ন নিরাপত্তা বাহিনীর আধিকারিকদের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আগামী আট-ই আগষ্ট পঞ্চায়েত ভোট এবং আগামী বারো-ই আগষ্ট ভোটগণনাপর্ব নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং তথ্যচিত্র উপস্থাপন

করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, পুলিশ সুপার কান্তা জানগির সহ পদস্থ আধিকারিকরা। তাছাড়া আসাম রাইফেলস, C.R.P.F, পুলিশ, T.S.R, B.S.F প্রভৃতি বাহিনীর কর্মকর্তারা এতে অংশ নেন।

বৈঠক শেষে ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা আকাশবাণী'র জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্য'কে জানান, পঞ্চায়েত ভোটে ভোটাররা যাতে নির্ভয়ে ও ভয়মুক্ত পরিবেশে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন এলক্ষ্যে যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে।

*****************************

**EDV-Sepahijala :**

সিপাহীজলা জেলার ৬টি ব্লকেও আগামীকাল ইলেকশন ডিউটি ভোট গ্রহণ করা হবে। এই ভোট দেবার জন্য আবেদন করেছেন ১৪০৪ জন। সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার আজ আকাশবাণীর জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে এক সাক্ষাৎকারে একথা জানান। তিনি জানান রাজ্য নির্বাচন কমিশনের সূচি অনুযায়ী সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ইলেকশন ডিউটি ভোট গ্রহণ করা হবে।

****************************

**DM Visit-Jolaibari & Satchand :**

দক্ষিন জেলার জেলা শাসক স্মিতা মল এম এস আজ জোলাইবাড়ি ও সাতচাঁদ ব্লকে পঞ্চায়েত নির্বাচনের গননাকেন্দ্র ও স্ট্রং রুম পরিদর্শন করেন। জোলাইবাড়ি ব্লক পরিদর্শনকালে

রিটার্নিং অফিসার মানস ভট্টাচার্য, সহকারী রিটার্নিং সুজিত দাস এবং সাতচাঁদ ব্লকে রিটার্নিং অফিসার অনুপম দাস ও সহকারী রিটার্নিং অফিসার মধুছন্দা দাস জেলা শাসককে পঞ্চায়েত নির্বাচনের ভোট গ্রহণ ও গণনার প্রস্তুতি সম্পর্কে বিস্তারিত অবহিত করেন। দুই ব্লকের গননা কেন্দ্র ও স্ট্রং রুম দেখে জেলা শাসক সন্তোষ প্রকাশ করেন।

**************************

**Election-NorthTripura :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আগামীকাল উত্তর জেলার চারটি ব্লকেও ইলেকশন ডিউটি ভোট গ্রহণ করা হবে। পানিসাগর ব্লকে ২৩৭ জন, যুবরাজনগর ব্লকে ২৮৬ জন, কদমতলা ব্লকে ৩০৪ জন এবং কালাছড়া ব্লকে ২৯২ জন ভোটকর্মী আগামীকাল ভোট দেওয়ার জন্য আবেদন করেছেন। ভোট গ্রহণের পর আগামীকালই ব্যালটগুলো সংস্লিস্ট ব্লকের স্ট্রং রুমে রাখা হবে।

******************************

**Flood-South District :**

দক্ষিণ জেলার বন্যা পরিস্থিতি ক্রমশ উন্নতি হচ্ছে বলে জানিয়েছেন জেলা শাসক স্মিতা মল এম এস। তিনি জানান, বিপদ সীমার নীচে বইছে মুহুরী, লাউগাং ও ফেনী নদীর জল। গতকাল রাত পর্যন্ত শান্তিরবাজার মহকুমায় ৯টি আশ্রয় শিবির খোলা হয়েছিল। আজ সকালে আশ্রয় শিবির থেকে মানুষ বাড়িঘরে ফিরে গেছেন। বিলোনিয়া মহকুমার ৭টি আশ্রয় শিবিরের মধ্যে ৫টি শিবির ছেড়ে মানুষজন বাড়িঘরে ফিরে গেছেন। আমজাদনগর হাইস্কুলের আশ্রয় শিবিরে ১১৯ জন ও উত্তর

সোনাইছড়ির রামচন্দ্র রিয়াং পাড়া স্কুলে ১৭ জন রয়ে গেছেন বলে জানান বিলোনিয়ার মহকুমা শাসক রিংকু লেথার। সাব্রুম মহকুমার ৬টি আশ্রয় শিবিরের মধ্যে ৪টি শিবিরের মানুষজন বাড়ি ফিরে গেলেও বৈষ্ণবপুর দ্বাদশ স্কুল ও বৈষ্ণবপুর বহুমুখী সভাগৃহের শিবির দুইটি এখনো খোলা রয়েছে। এদিকে, দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস আজ বন্যাকবলিত শান্তিরবাজার পুর পরিষদ এলাকা পরিদর্শন করেন।

****************************

**Har Ghar Tiranga :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সমস্ত নাগরিকদের হর ঘর তিরঙ্গা প্রচার আন্দোলনকে আরও জোরদার করার এবং উৎসাহের সঙ্গে অংশ গ্রহনের আবেদন করেছেন। সামাজিক মাধ্যমে শ্রী শাহ জনগণকে ৯ থেকে ১৫ আগস্টের মধ্যে তেরঙ্গা উত্তোলন করতে বা তাদের বাড়িতে এটি প্রদর্শন করতে বলেন। তেরঙ্গার সঙ্গে একটি সেলফি তুলে হর ঘর তিরঙ্গা ওয়েবসাইট-harghartiranga.com-এ আপলোড করার জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনগনের কাছে আবেদন জানান।

****************************

**National High-speed Road Corridor Project :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন ৫০ হাজার কোটি টাকারও বেশি ব্যয়ে আটটি National High-speed road Corridor Project এর কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির উপর বহুগুণ প্রভাব ফেলবে এবং কর্মসংস্থানের সুযোগ বাড়াবে। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী উল্লেখ করেন এর মাধ্যমে

ভবিষ্যৎমুখী এবং সংযুক্ত ভারত গঠনের প্রতি সরকারের প্রতিশ্রুতি প্রতিফলিত হয়।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে ভারত একটি খাদ্য উদ্‌বৃত্ত দেশ। বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তা এবং বৈশ্বিক পুষ্টি নিরাপত্তার সমাধানে প্রতিনিয়ত কাজ করছে। আজ নয়াদিল্লিতে কৃষি অর্থনীতিবিদদের ৩২তম আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করার পর ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী মোদি বলেন, কৃষি হল সরকারের অর্থনৈতিক নীতির কেন্দ্রবিন্দু এবং কৃষকদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে সরকার সংস্কার মুলক পদক্ষেপ নিয়ে কৃষি ক্ষেত্রকে শক্তিশালী করছে।

****************************

**Ker Puja :**

আজ রাজ্যের ঐতিহ্যবাহী কের পুজা। গতকাল রাত ১০টায় প্রথাগত তোপধনীর মধ্যে দিয়ে কের পুজা শুরু হয়। আগামীকাল ভোর ৫টায় তোপধনীর মধ্যে দিয়েই শেষ হবে কের পুজা। আগরতলার পুরান হাবেলি অর্থাৎ চতুর্দশ দেবতা বাড়ি প্রাঙ্গন ও নতুন হাবেলি অর্থাৎ উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গনে এই পুজা অনুষ্ঠিত হচ্ছে।

**************************

**Bangladesh :**

বাংলাদেশে আগামীকাল থেকে দেশব্যাপী অসহযোগ আন্দোলনের ডাক দিয়েছে কোটা সংস্কার আন্দোলনকারীরা। নয় দফা দাবির ভিত্তিতে এই অসহযোগ আন্দোলনের নতুন কর্মসূচি ঘোষণা করেছে আন্দোলনকারীরা।

এদিকে, ঐ দেশে চলমান সহিংসতা ও সংঘর্ষ এড়াতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোটা সংস্কার আন্দোলনকারীদের আলোচনায় বসার জন্য আহ্বান জানিয়েছেন।

এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, আলোচনার জন্য গণভবনের দরজা খোলা। আলোচনায় বসে কোটা আন্দোলনকারীদের কথা শোনারও আগ্রহ প্রকাশ করেছেন তিনি।

উল্লেখ্য, গতকাল রাতে গণভবনে এক জরুরি বৈঠক ডেকে চলমান কোটা সংস্কার আন্দোলনের সমন্বয়কদের সঙ্গে বসতে আওয়ামি লিগের তিন নেতাকে দায়িত্ব দিয়েছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই তিন নেতাকে আন্দোলনকারীদের সঙ্গে মতবিনিময় করার দায়িত্বও দেন তিনি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্দোলনরত সাধারণ শিক্ষার্থীদের প্রতি যত্নবান ও সহনশীল থাকার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি নির্দেশ দিয়েছেন।

****************************

**BJP Campaign :**

বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল আজ সূর্যমনিনগর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন গ্রামে বিজেপি প্রার্থীদের পক্ষে প্রচারে অংশ গ্রহণ করেন। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে প্রচার চালিয়েছেন। পশ্চিম আনন্দনগর গ্রাম পঞ্চায়েত এবং ঈশানচন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতে জিলা পরিষদের দুই প্রার্থী ১৫

নম্বর আসনের অভিনাশ দাস ও ১৩ নম্বর আসনের প্রার্থী মমতা দেব এর সমর্থনে প্রচারে অংশ নেন তিনি।

****************************

**CPIM :**

কেরালার ওয়ানাডে প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য করার জন্য কেরালার মুখ্যমন্ত্রী আবেদনে সাড়া দিয়ে রাজ্যে সিপিআইএম ত্রাণ সংগ্রহ শুরু করেছে। আজ আগরতলা শহরে ত্রাণ সংগ্রহ অভিযানে উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, প্রাক্তনমন্ত্রী মানিক দে, নারী নেত্রী রমা দাস, কৃষ্ণা রক্ষিত প্রমুখ।

*****************************

**BJP CPIM Campaign :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে জমজমাট প্রচার চলছে। পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদের ১৭নং ওয়ার্ডে প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে ত্রিমুখী। আজ সকালে চারিপাড়ার বিভিন্ন এলাকায় প্রচারে বের হয়েছেন বিজেপি প্রার্থী উত্তম দাস। তার সমর্থনে ভোট প্রচারে অংশ নেন বিধায়ক মিনা রানী সরকার। অপরদিকে একই ওয়ার্ডের বামফ্রন্ট প্রার্থী মুকুল সরকার দলীয় কর্মী সমর্থকদের নিয়ে বাড়ি বাড়ি প্রচারে বের হন।

**************************

**Success of Special Lok Adalat :**

সুপ্রিমকোর্ট আয়োজিত বিশেষ লোক আদালত আজ শেষ হয়েছে। এই উদ্যোগের লক্ষ্য হল যত দ্রুত সম্ভব নাগরিকদের ন্যায়বিচার

প্রদান করা। সুপ্রিমকোর্টের ৭৫তম বার্ষিকী উপলক্ষ্যে আয়োজন করা হয়েছিল এই বিশেষ লোক আদালত। এই উপলক্ষ্যে আজ আয়োজিত এক অনুষ্ঠানে কেন্দ্রীয় আইন ও বিচারমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেন, লোক আদালত সহজলভ্য এবং দক্ষ বিচার প্রদান করে, যা দ্রুত এবং সাশ্রয়ী।

*******************************

**Second Division Football :**

TFA আয়োজিত দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলে উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে আজ মৌচাক ক্লাব ৩-২ গোলে পরাজিত কর নবোদয় সঙ্ঘকে। আসরে ৪ ম্যাচ খেলে ২টি ম্যাচে জয় ও দুটি ম্যাচে পয়েন্ট ভাগ করলো মৌচাক ক্লাব।

**************************************

**Courtsey meet :**

শ্রীলঙ্কায় আয়োজিত ওয়েস্টার্ন এশিয়ান ইয়ুথ চেস চ্যাম্পিয়নশিপে পদক জয়ী রাজ্যের প্রতিভাবান দাবাড়ু আর্শিয়া দাস আজ আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে মুখ্যমন্ত্রী আর্শীয়ার এই সাফল্যের জন্য তাকে অভিনন্দন জানান এবং তার উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন।

*************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ আগামী ৫ই আগষ্ট ত্রিপুরা, মিজোরাম ও মণিপুরে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। তাছাড়া

আগামী ১০ই আগষ্ট পর্যন্ত রাজ্যের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাতেরও সতর্কতা জারি করা হয়েছে।

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল একত্রিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস।

***************************